

ইস্ট-ওয়েস্ট ভার্শিটিতে রবির ক্যারিয়ার কার্নিভাল

তরুণ শিক্ষার্থীদের ক্যারিয়ার সম্পর্কে দিকনির্দেশনা প্রদান এবং মোবাইল ফোন শিল্পে কাজের সুযোগ ও ধরন সম্পর্কে জানাতে রবিবার ইস্ট-ওয়েস্ট ইউনিভার্সিটি (ইডব্লিউইউ) ক্যাম্পাসে ক্যারিয়ার কার্নিভালের আয়োজন করেছে মোবাইল ফোন অপারেটর রবি আজিয়াটা লিমিটেড।

রবিতে চাকরির সুযোগ সম্পর্কে জানাতে 'ক্যারিয়ার এ্যাট রবি' নামে একটি সেশনের আয়োজন ছিল। পাশাপাশি রবিতে চাকরির অভিজ্ঞতা নিয়ে এশিয়ার কয়েকটি দেশে আজিয়াটা গ্রুপ বারহাদের অন্যান্য কোম্পানিতে তাদের কাজের সুযোগ পাওয়ার বিষয়টি সম্পর্কেও ধারণা দেয়া হয়। রবির মার্কেট অপারেশনের জেনারেল ম্যানেজার মোশাররফ আলম খান ইয়াফির কৌতুকাভিনয়ের মাধ্যমে ইস্ট-ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ক্যারিয়ার কার্নিভালটি শেষ হয়। অনুষ্ঠানে রবির রিসোর্সিংয়ের ভাইস প্রেসিডেন্ট শারমিন সুলতানসহ বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা উপস্থিত ছিলেন। -বিজ্ঞপ্তি



ইস্ট-ওয়েস্ট ইউনিভার্সিটি ক্যাম্পাসে রবিবার ক্যারিয়ার কার্নিভালের আয়োজন করে মোবাইল ফোন অপারেটর রবি আজিয়াটা লিমিটেড